

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি
২৫ জানুয়ারি ২০১৫, রবিবার

আজ রবিবার, ২৫ জানুয়ারি ২০১৫ তারিখে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেবার উন্নয়নকল্পে “স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচি” (Health, Population and Nutrition Sector Development Program- HPNSDP)-শীর্ষক সেক্টর কর্মসূচিতে সহায়তার জন্য বাংলাদেশ সরকার এবং বিভিন্ন উন্নয়ন সহযোগীর সাথে একটি Joint Co-operation Arrangement (JCA) স্বাক্ষরিত হয়েছে। উক্ত JCA-তে বাংলাদেশ সরকারের সাথে যৌথভাবে DFTAD, DFID, EKN, JICA, GIZ, Kfw, KOICA, SIDA, USAID, IDA, WHO, UNICEF, UNFPA, UNAIDS-এর প্রতিনিধিগণ স্বাক্ষর করেন এবং বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহউদ্দিন স্বাক্ষর করেন। সৈয়দ মঞ্জুরুল ইসলাম, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়সহ বাংলাদেশ সরকারের এবং উন্নয়ন সহযোগীদের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

২। HPNSDP কর্মসূচির মূল উদ্দেশ্য নিম্নরূপঃ

- (ক) জাতিসংঘ ঘোষিত Millennium Development Goals (MDG) এবং দারিদ্র্য বিমোচন সংক্রান্ত লক্ষ্যসমূহ অর্জন।
- (খ) স্বাস্থ্য, পুষ্টি এবং জনসংখ্যা খাতের চ্যালেঞ্জসমূহ মোকাবেলা এবং
- (গ) এ খাতের আধুনিকায়ন ও দক্ষতা বৃদ্ধি।

৩। উল্লেখ্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় জুলাই ২০১১ থেকে জুন ২০১৬ মেয়াদে উল্লিখিত HPNSDP বাস্তবায়ন করছে। বিশ্বব্যাংক, জাইকা ও আরও কিছুসংখ্যক উন্নয়ন সহযোগী এ কর্মসূচিতে সহায়তা দিয়ে যাচ্ছে। যেহেতু একাধিক উন্নয়ন সহযোগী কর্তৃক একটি সেক্টর প্রোগ্রামে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে, সেক্ষেত্রে HPNSDP-তে অনুসৃত নিয়মাবলী উল্লেখ করে এর অর্থায়নকারী উন্নয়ন সহযোগীদের সাথে Joint Co-operation Arrangement (JCA) স্বাক্ষর করা হয়েছে। বিবেচে JCA কোন আন্তর্জাতিক চুক্তি নয় এবং এটি আন্তর্জাতিক আইন দ্বারা বলবৎযোগ্য কোন দলিল নয় বরং JCA বাংলাদেশ সরকার ও উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার মধ্যে স্বাক্ষরিত একটি Framework Arrangement যার মাধ্যমে HPNSDP-তে অর্থায়নকারী দেশসমূহ/সংস্থাকে সম্মিলিতভাবে স্বীকৃতি প্রদান করা হয়েছে।


২৫.১.১৫
(সাইয়েদা ফয়জুন্নেছা)
সহকারী প্রধান